

ডিআইইউতে মাল্টিমিডিয়া অ্যান্ড ক্রিয়েটিভ টেকনোলজি কোর্স

🕒 ১৩ আগস্ট ২০১৮, ০০:০০



মাল্টিমিডিয়া প্রযুক্তি ও সৃজনশীল আর্টসের মধ্যে সমন্বয় ঘটানো এবং সৃজনশীল চিন্তাকে প্রযুক্তির মাধ্যমে যুগোপযোগী করার চিন্তা নিয়ে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি শুরু করেছে বিএসসি ইন মাল্টিমিডিয়া অ্যান্ড ক্রিয়েটিভ টেকনোলজি বিষয়ে পাঠদান। দেশে এবং বিদেশে মাল্টিমিডিয়া এবং ক্রিয়েটিভ টেকনোলজিতে পড়াশোনা করা দক্ষ ও যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের যথেষ্ট চাহিদা রয়েছে। এ বিষয়ে পড়াশোনার মাধ্যমে একজন শিক্ষার্থী গ্রাফিক্স, ৩ড মডেলিং, অ্যানিমেশন, ভিজুয়াল এফেক্ট, গেম ডেভেলপমেন্ট ইত্যাদি সম্পর্কে বিশ্বমানের দক্ষতা অর্জন করতে সক্ষম হবে এবং এ ক্ষেত্রটির সব শাখায় সৃজনশীল পেশাদার মাল্টিমিডিয়া প্রযুক্তিবিদ হিসেবে জ্ঞানের বিকাশ ঘটাতে পারবে। মাল্টিমিডিয়া অ্যান্ড ক্রিয়েটিভ টেকনোলজি খাতে প্রাতিষ্ঠানিক, তত্ত্বীয় ও ব্যবহারিক জ্ঞানধারী উচ্চমানের স্নাতক ডিগ্রিধারী মেধা সরবরাহের গুরুদায়িত্বটি সফলতার সাথে শুরু করেছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ)। স্প্রিং সেমিস্টার ২০১২ থেকে এ ইউনিভার্সিটি মাল্টিমিডিয়া অ্যান্ড ক্রিয়েটিভ টেকনোলজির ওপর চার বছর মেয়াদি শিক্ষাব্যবস্থার আওতায় বিএসসি ইন মাল্টিমিডিয়া অ্যান্ড ক্রিয়েটিভ টেকনোলজি ডিগ্রি কার্যক্রম চালু করেছে। এ সেक्टरটিতে বিষয়ভিত্তিক জ্ঞানধারী লোকবলের চাহিদা সত্ত্বেও জোগান নেই। দেশের বৃহত্তর জনগোষ্ঠীর স্বার্থে বিষয়ভিত্তিক লোকবল সরবরাহের ব্রত নিয়ে ডিআইইউতে মাল্টিমিডিয়া অ্যান্ড ক্রিয়েটিভ টেকনোলজিতে পড়াশোনা করে ক্যারিয়ার তৈরির সুযোগ বিদ্যমান। এখান থেকে ভালো রেজাল্ট করে বের হয়ে কাউকে বেকার হয়ে বসে থাকতে হবে না। সন্তানের নিশ্চিত

ভবিষ্যৎ গড়তে অভিভাবকেরা মাল্টিমিডিয়া অ্যান্ড ক্রিয়েটিভ টেকনোলজি বিষয়টিকে গুরুত্ব দিতে শুরু করেছেন। বাস্তবসম্মত শিক্ষা কারিকুলাম, মানসম্পন্ন শিক্ষক, যুগোপযোগী শিক্ষা উপকরণ, উপযুক্ত শিক্ষার পরিবেশ, সীমিত শিক্ষাব্যয় ডিআইইউর মাল্টিমিডিয়া অ্যান্ড ক্রিয়েটিভ টেকনোলজি বিভাগকে স্বকীয় ও অনন্য করেছে। এ বিভাগের বর্তমান শিক্ষার্থীদের মধ্যে ২৫ শতাংশ পার্টটাইম ও আউটসোর্সিং করে নিজেই নিজের খরচ বহন করতে পারছেন। এ ইউনিভার্সিটিতে শুরু হওয়া চার বছর মেয়াদি ১৪৭ ক্রেডিটের বিএসসি ইন মাল্টিমিডিয়া অ্যান্ড ক্রিয়েটিভ টেকনোলজি বিষয়ে গ্রাফিক্স ডিজাইন, অ্যানিমেশন, ভিজুয়াল এফেক্ট, মোশন গ্রাফিক্স, গেম ডেভেলপমেন্ট, ওয়েব ডেভেলপমেন্ট ও ভিডিও প্রডাকশন ইত্যাদি বিষয়ের ওপর গুরুত্ব দেয়া হয়। এই বিভাগে ভর্তি হওয়ার জন্য শিক্ষার্থীকে এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে সিজিপিএ২.৫ অথবা দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী হতে হবে। বিভাগের প্রতি সেমিস্টারে ভালো রেজাল্ট অর্জনকারী মেধাবীদের বিভিন্ন পর্যায়ের বৃত্তি দেয়া হয়। এ ছাড়াও গরিব ও মেধাবী শিক্ষার্থীদের ক্ষেত্রেও ডিআইইউ বিশেষ ছাড় দিয়ে থাকে। এ ইউনিভার্সিটিতে বিএসসি ইন মাল্টিমিডিয়া অ্যান্ড ক্রিয়েটিভ টেকনোলজি বিভাগে প্রতি বছর তিনটি সেমিস্টারে (স্প্রিং, সামার ও ফল) শিক্ষার্থী ভর্তি করা হয়। যোগাযোগ : ৪/২ সোবাহানবাগ, ধানমন্ডি, ঢাকা।

ফোন : ৯১২৮৭০৫ বর্ধিত : ৪৪৪ ও ৫৫৫, ০১৭১৩৪৯৩০৫০-১

সম্পাদক : আলমগীর মহিউদ্দিন

প্রকাশক : শামসুল হুদা, এফসিএ

১ আর. কে মিশন রোড, (মানিক মিয়া

ফাউন্ডেশন), ঢাকা-১২০৩।

ফোন: ৫৭১৬৫২৬১-৯